## ৩১

কাঠঠোকরা স্বভাবদোষে
গাছ ঠোকরায়-
গাছ কি সেটা জানে?
গাছের আছে অন্য হিসেব
অন্য জীবন-
অন্যরকম মানে।
কাঠঠোকরা শক্ত ঠোঁটে
ঠুকরে দিয়ে ভাবে-
দিলাম কড়ানাড়া!
বৃক্ষ তখন উদাস হয়ে খোঁজে
অন্য পাখী- যার সাথে তার
পৃথক বোঝাপড়া!
তুই যে জেগে ঘুমিয়ে থাকিস
হিসেব করেই-
সে কথা তো জানি,
ভেতরটা এক গোলকধাঁধা
যদিও তার
বাইরেটা পাগলামী।